# Course outcome (co): Department of Bengali (Hons)

**For the Year 2018-2019**

**(As per the new CBCS Syllabus of Vidyasagar University)**

| PAPER NAME | COURSE | OUTCOMES |
|---|---|---|
| **1ST SEM**<br>**CC-1**<br>বাংলা ভাষার উদ্ভব ও পরিচয় | **CO1** | বাংলা ভাষার উদ্ভব বিকাশ ও বিবর্তনের ধারাকে উপস্থাপনের সঙ্গে সঙ্গে ধ্বনিতত্ত্ব , রূপতত্ত্ব ও শব্দার্থতত্ত্বের প্রাথমিক ধারনা তৈরী করার চেষ্টা করা হয়। |
| **1ST SEM**<br>**CC-2**<br>বাংলা সাহিত্যের ইতিহাস<br>(প্রাচীন ও মধ্যযুগ ) | **CO2** | সৃজ্যমান বাংলার প্রকীর্ন নিদর্শন থেকে মধ্যযুগের শেষার্ধ পর্যন্ত সম্যক পরিচয় দানের চেষ্টা করা হয়। । |
| **2ND SEM**<br>**CC-3**<br>প্রাচীন ও মধ্যযুগের কাব্য কবিতা | **CO3** | জায়মান বাংলা ভাষার কবিতাবলী থেকে শুরু করে মধ্যযুগের যুগসন্ধিকাল পর্যন্ত কবিতাধারার পূর্ণাঙ্গ পরিচয় দানের চেষ্টা করা হয়। । |
| **2nd SEM**<br>**CC-4**<br>জীবনী সাহিত্য ও মঙ্গলকাব্যের ধারা | **CO4** | চৈতন্য জীবনী সাহিত্য থেকে মধ্যযুগের শেষ কাব্য পর্যন্ত একটি সম্যক ধারনার উপস্থাপন এই পাঠ পর্যায়ের উদ্দেশ্য । |
| **3RD SEM**<br>**CC-5**<br>উনিশ ও বিশ শতকের প্রবন্ধ ও কাব্য সাহিত্যের ইতিহাস এবং আখ্যান পাঠ | **CO5** | CO5.1 প্রাতিষ্ঠানিক গদ্যচর্চার ইতিহাস থেকে শুরু করে বুদ্ধদেব বসুর প্রবন্ধ সাহিত্য পর্যন্ত পাঠদানের প্রয়াস নেওয়া হয় ।<br>CO5.2<br>ঈশ্বর গুপ্তের কবিতা ভাবনা থেকে শুরু করে মধুসূদন দত্তের কবিতার নতুন ধারা এবং রবীন্দ্রনাথের কবিতাধারা ও তার প্রতিক্রিয়ায় তৈরি হয়ে ওঠা আধুনিক কবিতাধারার পরিচয় প্রদানের প্রচেষ্টা করা হয় ।<br>CO5.3<br>কালিদাসের ‘অভিজ্ঞানশকুন্তলম’এর সঙ্গে বিদ্যাসাগরের ‘শকুন্তলার’ তুলনামূলক আলোচনা করা হয় । |
| **3RD SEM**<br>**CC-6**<br>ছন্দ - অলংকার ও নির্বাচিত কবিতা পাঠ | **CO6** | বাংলা ছন্দ ও অলংকারের সম্যক পরিচয় দান এবং রবীন্দ্রানুসারী কবি থেকে আধুনিক কবিতাধারা পর্যন্ত একটি সামগ্রিক পরিচয় দেওয়ার চেষ্টা করা হয় । |
| **3RD SEM**<br>**CC-7**<br>প্রবন্ধ সাহিত্য পাঠ | **CO7** | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় থেকে শুরু করে বুদ্ধদেব বসু পর্যন্ত বাংলা প্রবন্ধ সাহিত্য ধারার পরিচয় দেওয়া হয় । |
| **4TH SEM**<br>**CC-8**<br>উনিশ ও বিশ শতকের নাট্য ও কথাসাহিত্যের ইতিহাস ও ছোটোগল্প পাঠ | **CO8** | CO8.1<br>বাংলা নাট্যচর্চার সূচনা লগ্ন থেকে বাদল সরকার প্রবর্তিত থার্ড থিয়েটার পর্যন্ত নাটকের পট পরিবর্তনের অনুপুঙ্ক্ষ পরিচয় দানের প্রয়াস নেওয়া হয় । |

| | | |
|---|---|---|
| | | CO8.2 বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের হাতে গড়ে ওঠা উপন্যাসের ধারা কিভাবে বঙ্কিমবলয় থেকে মুক্ত হয়ে মহাশ্বেতাদেবীর উপন্যাস রচনার লগ্ন পর্যন্ত পরিবর্তিত হল তা অনুপুঙ্খভাবে ফুটিয়ে তোলা হয় ।<br>CO8.3 রবীন্দ্রনাথের হাতে গড়ে ওঠা ছোটগল্পেরধারা পরিবর্তিত হতে হতে প্রেমেন্দ্র মিত্রের সমাজ সচেতনতামূলক ও মনোবিকলনমূলক গল্পে কিভাবে বিবর্তিত হয়ে গেছে তার অনুপুঙ্খ পরিচয় প্রদান করা হয় । |
| **4TH SEM**<br>**CC-9**<br>কাব্য পাঠ | **CO9** | মধুসূদন দত্তের প্রথা বিরোধী কাব্যধারা থেকে শুরু করে রবীন্দ্রনাথের স্থানাঙ্ক পরিবর্তনকারী কবিতাধারার পরিচয় দান এবং জীবনানন্দের আধুনিকতম কবিতাগুলির অনুপুঙ্খ পাঠদানের প্রয়াস নেওয়া হয় । |
| **4TH SEM**<br>**CC-10**<br>উপন্যাস পাঠ | **CO10** | বঙ্কিমচন্দ্রের উপন্যাসভাবনা থেকে শুরু করে তারাশঙ্করের হাতে উপন্যাসের পট পরিবর্তন এবং রবীন্দ্রনাথের আধুনিকতম উপন্যাসের অনুপুঙ্খ পরিচয় প্রদান করা হয় । |
| **5TH SEM**<br>**CC-11**<br>নাট্য পাঠ | **CO11** | দীনবন্ধু মিত্রের সমাজসমস্যামূলক নাট্যচর্চা থেকে শুরু করে দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাট্যচর্চার বর্ণনা এবং রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটকের পরিচয় ফুটিয়ে তোলা হয় । |
| **5TH SEM**<br>**CC-12**<br>কাব্যতত্ত্ব ,পাশ্চাত্য সাহিত্য সমালোচনা - তত্ত্ব ও সাহিত্যের রূপরীতি | **CO12** | প্রাচ্য সাহিত্যতত্ত্ব , পাশ্চাত্য সাহিত্য আন্দোলন ও সাহিত্য প্রকরণগুলির অনুপুঙ্খ পরিচয় প্রদান করা হয় । |
| **6TH SEM**<br>**CC-13**<br>লোকসাহিত্য | **CO13** | লোকসংস্কৃতির সাধারণ পরিচয় ,বৈশিষ্ট্য ,তত্ত্ব ও লোকসাহিত্যের সামগ্রিক ধারণা এবং লোকসংস্কৃতির প্রণালীবিদ্যার পরিচয় দান ও প্রায়গিক<br>ধারণা তৈরী করার চেষ্টা আমাদের অনুসন্ধানের বিষয় । |
| **6TH SEM**<br>**CC-14**<br>সংস্কৃত ,ইংরেজী ও প্রতিবেশী সাহিত্যের ইতিহাস | **CO14** | সংস্কৃত ও ইংরেজী সাহিত্যের ইতিহাসের সঙ্গে বাংলা সাহিত্যের তুলনামূলক আলোচনা এবং প্রতিবেশী হিন্দি , ওড়িয়া ও অসমিয়া সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় ফুটিয়ে তোলা হয় । |

# DEPARTMENT OF BENGALI

## PROGRAMME OUTCOME (PO) : BACHELOR OF ARTS: BENGALI

## FOT THE YEAR 2018-2019

| PO | SUMMARY | DESCRIPTION |
|---|---|---|
| **PO-1** | **Knowledge of Specialized Discipline/** নির্দিষ্ট বিষয়ে বলিষ্ঠ জ্ঞান | লেখক, তাঁর রচনাকর্ম এবং সেই রচনার প্রেক্ষিত, সাহিত্য প্রকরণ ও সাহিত্যতত্ত্ব বিষয়ে , বিষয়নিষ্ঠ জ্ঞান অর্জন করা। |
| **PO-2** | **Sound Comprehension & Communication Skills/** বলিষ্ঠ উপলব্ধি ও সংপ্রেষণ দক্ষতা | শব্দভান্ডরের উপর ব্যাপক অধিকার কথন ও লেখন শৈলীকে বলিষ্ঠ করে তোলে, ফলত ভাবের সংপ্রেষণ,উপলব্ধির ক্ষমতা ও স্বচ্ছ যুক্তিপূর্ণ উপস্থাপনের দক্ষতা বৃদ্ধি করে । |
| **PO-3** | **Analytical Skills & Linguistic Awareness/** ভাষাতাত্ত্বিক জ্ঞান ও বিশ্লেষণী দক্ষতা | ভাষাতাত্ত্বিক প্রকরণ সম্পর্কিত জ্ঞান, ভাষা শৈলীর (ছন্দ,অলংকার,বিচ্যুতি,সমান্তরলতা ইত্যাদি) সুনির্দিষ্ট ব্যবহারে নির্দিষ্ট পাঠ্য বিষয়কে বিশ্লেষণ, ফলত সাধারণ্যে প্রচলিত বিশ্লেষণ পথ পরিহার করে পাঠ্য বিষয়কে প্রকৃত বিশ্লেষণের পথে নিয়ে যাওয়া । |
| **PO-4** | **Cultural Awareness/** সংস্কৃতিগত সচেতনতা | নন্দনতাত্ত্বিক অনুভব ও ধারণা এবং সাংস্কৃতিক জ্ঞান অতীত ঐতিহ্য ও সমকালীন ভাবনার প্রবহমানতার সঙ্গে যোগসূত্র তৈরী করে। |
| **PO-5** | **Familiarity with Recent Developments in a Particular Field/** বিশেষ ক্ষেত্রে সাম্প্রতিক বিকাশের সঙ্গে পরিচিতি | এক নতুন আঙ্গিকে ও ব্যাখ্যায় সাহিত্যপাঠ সাহিত্যের বৈচিত্র্যকে অভিব্যক্ত করে তোলে,আধুনিক সাহিত্যতত্ত্ব ও গবেষণা প্রনালীবিদ্যার জ্ঞান সাহিত্যপাঠ কে বৈজ্ঞানিক দৃষ্টিকোনে ব্যাখ্যা করতে সাহায্য করে । |
| **PO-6** | **Social Conscience & Literature/** সাহিত্য ও সমাজচৈতন্য | যে সমস্ত সামাজিক রাজনৈতিক সমীকরণগুলি সমাজ পরিবর্তনে উল্লেখযোগ্য ভূমিকা নিচ্ছে এবং তারই বিপরীত কোটিতে থাকা শ্রেণী বৈষম্য,লিঙ্গ বৈষম্য এবং জাতি কৌলিন্যের মত বাঁধা ছকের প্রবহমান ধারণাকে যা স্থায়িত্ব দান করছে, একমাত্র সাহিত্যের প্রকৃত জ্ঞানই সেই দুয়ের মধ্যে তফাৎ এর মাত্রা নির্ধারণ করতে পারে । |
| **PO-7** | **Ability in Creative Skills/** সৃজনশীল দক্ষতা | মহৎ সাহিত্যিকদের রচনাকর্মের নিরন্তর অধ্যয়ণ এবং সুচিন্তন, নিজ অভিব্যক্তি ও সৃজনশীল দক্ষতাকে কর্ষিত করে তোলে। |
| **PO-8** | **Human values/** মানবিক মূল্যবোধ | সাহিত্যপাঠ প্রক্রিয়ায় গড়ে ওঠা সমানুভূতি জানিয়ে দেয় সমকালীন যুগের মানুষের আচার - আচরণ, বিচিত্র সংস্কৃতি ও কৃষ্টির পরিচয় এবং মানবিক মূল্যবোধগুলির অপরিবর্তনীয়তা অথবা স্থানাঙ্কের পরিবর্তন। |
| **PO-9** | **Environmental Consciousness/** পরিবেশগত সচেতনতা | বর্তমান শতাব্দীর পরিবেশগত সংকট এবং মানুষের উপর পরিবর্তিত পরিবেশের প্রভাব ও পরিবেশ বিষয়ে সচেতনতা সাহিত্য পাঠের ফলে উপলব্ধি করা যায়। |

# DEPARTMENT OF BENGALI

## PROGRAMME SPECIFIC OUTCOME (PSO): BACHELOR OF ARTS

### FOR THE YEAR 2018-2019

| | |
|---|---|
| **PSO1:** | বাংলা ভাষা ও ব্যাকরণ প্রয়োগে দক্ষতা। |
| **PSO2:** | বাংলা ভাষা ও সাহিত্যকে সর্বাঙ্গীন রূপে জানা এবং তাকে যথাযথ রূপে প্রয়োগ করার ফলে সমাজ, রাজনীতি ও সংস্কৃতিতে একটি আলাদা মর্যদা ও পরিচিতি গড়ে ওঠে। |
| **PSO3:** | বাংলা ভাষা ও সাহিত্য চর্চার সঙ্গে সামাজিক ইতিহাসের অধ্যয়ন যত বেশী হবে ততই সমাজ সচেতনতা ও ন্যায়-অন্যায় বোধ ক্রমশ বৃদ্ধি পেতে থাকবে। |
| **PSO4:** | বাংলা সাহিত্যের সঙ্গে প্রতীচ্য সাহিত্যের তুলনামূলক আলোচনার ফলে জ্ঞানের প্রসারতা বৃদ্ধি। |
| **PSO5:** | লোকসংস্কৃতি ও লোকসাহিত্য চর্চার ফলে বাংলা সাহিত্যের সঙ্গে বিশ্বের অন্যান্য সাহিত্যের অন্তর্গত সাম্য আবিষ্কার ফলত জ্ঞানের প্রসারতা বৃদ্ধি। |
| **PSO6:** | বাংলা সাহিত্যের ইতিহাসের অধ্যয়ন বিশেষ যুগের আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিত সম্পর্কে জ্ঞানের প্রসারতা বৃদ্ধি করে। |
| **PSO7:** | বাংলা ভাষা ও সাহিত্যর জ্ঞান সৃজনশীলতা বৃদ্ধি করে। |
| **PSO8:** | বাংলা ভাষার নিরন্তর চর্চা কর্মক্ষেত্রে পেশাগত পরিধি বাড়িয়ে তোলে। |